

তারিখ ... 25 MAY 2016 ...  
পঞ্জি ... ৪ ... কলাম ৪ ...

দৈনিক  
**ইত্তেফাক**

মেডিক্যাল টেকনোলজিস্ট পদ  
কারিগরি বোর্ডের সনদধারীদের  
নিয়োগে বাধা নেই : হাইকোর্ট

■ ইত্তেফাক রিপোর্ট

বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড থেকে স্বাস্থ্য বিষয়ে ডিপ্লোমাধারীদের সরকারি, স্বায়ত্তশাসিত বা আধা সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ দিতে বাধা নেই মর্মে রায় দিয়েছে হাইকোর্ট। আদালত বলেছে, এসব ডিপ্লোমাধারীদের চাকরিতে আবেদন বা নিয়োগদানের ক্ষেত্রে কোন প্রকারের বারিত বা বৈষম্য করা যাবে না। রাষ্ট্রীয় চিকিৎসা অনুমতি ও কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চীর্ণদের মধ্য থেকে যারাই আবেদন করবে তাদের মধ্য থেকে যারা মেধাবী ও যোগ্য তাদের নিয়োগ দিতে হবে। পৃথক পৃথক রিট আবেদন নিষ্পত্তি করে দিয়ে বিচারপতি গোবিন্দ চন্দ্র ঠাকুর ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের ডিভিশন বেংক গতকাল মন্তব্যের এই রায় দেন।

২০১৩ সালের জানুয়ারি মাসে মেডিক্যাল টেকনোলজিস্টসহ (ল্যাব, ফার্মসিস্ট, নার্সিং, রেডিওলজি, ফিজিওথেরাপি ও ডেটাল) ২ হাজার ৭৭টি পদের বিপরীতে নিয়োগের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করে স্বাস্থ্য অধিদপ্তর। ওই বিজ্ঞপ্তিতে বলা হয়, রাষ্ট্রীয় চিকিৎসা অনুমতি কর্তৃক অন্যোদিত ইস্টেটিউট অব হেল্থ টেকনোলজি থেকে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা কোর্স উচ্চীর্ণরা এই পদের জন্য আবেদন করতে পারবেন। কিন্তু কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে যারা সার্টিফিকেট প্রাপ্ত হয়েছেন তাদের আবেদনের স্বীকৃত দেয়া হয়নি। প্রের এই নিয়োগ বিজ্ঞপ্তির বৈধতা চালেঙ্গ করে হাইকোর্টে পৃথক চারটি রিট আবেদন দায়ের করেন রাজীব কুমার মণ্ডল ও নাজমুল হকসহ কারিগরি শিক্ষা বোর্ড থেকে উচ্চীর্ণ (ডিপ্লোমা ইন মেডিক্যাল টেকনোলজি) কর্যকর্তৃ জন শিক্ষার্থী।